

12 জানুয়ারি, 2023

প্রিয় পরিবারবর্গ,

আমাদের মূল স্তম্ভগুলির মধ্যে একটি হচ্ছে আপনাকে আমাদের সত্যিকারের অংশীদার হিসেবে সম্পৃক্ত করা। আপনারাই আপনাদের ছেলেমেয়েদের এবং তাদের শিক্ষার বিশেষজ্ঞ, এবং আপনাদের সম্পৃক্ততা তাদের স্কুলের অভ্যন্তরে এবং বাহিরে উন্নতি করতে সাহায্য করতে পারে। সে জন্যেই আমি আপনাদের সিটির 36-টি কমিউনিটি বা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের (CCEC) মধ্যে কোনো একটি আসনের জন্য আবেদন করার মাধ্যমে আমাদের পাবলিক স্কুলগুলিতে নেতৃত্বের ভূমিকা গ্রহণ করতে উৎসাহিত করছি।

কাউন্সিলগুলি আপনার মতই নির্বাচিত এবং নিয়োগপ্রাপ্ত স্বেচ্ছাসেবক পিতামাতাদের নিয়ে গঠিত। আপনি যদি একটি আসনে বিজয়ী হন, তাহলে আপনি আপনার স্কুল ডিস্ট্রিক্টে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত রূপায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। উদাহরণস্বরূপ, আপনি জোনিং লাইন অনুমোদন করতে পারেন অথবা আপনার সন্তানের স্কুল ভবনের উন্নতি পর্যালোচনা করতে পারেন, যেমনটি সম্প্রতি ডিস্ট্রিক্ট 15-এর উত্তর-পশ্চিম অংশে ঘটেছে।

তালিকাভুক্তি বা এনরোলমেন্ট বৃদ্ধি করতে এবং বৈচিত্র্যময়তা আরও অগ্রসর করতে, কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CEC) 15-এর সদস্যগণ একটি এলিমেন্টারি স্কুল রিজোনিং পরিকল্পনা তৈরি করতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল, শিক্ষা গবেষক, এবং কমিউনিটি নেতৃত্বদের সাথে কাজ করেছেন। এছাড়াও CEC ব্রুকলিনের রেড হক নেইবারহুডে একটি অতীব-প্রয়োজনীয় মিডল স্কুলের জন্য সফলভাবে সুপারিশ করেছেন। এই ধরনের নীতি পরিবর্তন আমাদের ছেলেমেয়েদের জীবনে সত্যিকারের পরিবর্তন বয়ে আনে।


আমাদের এডুকেশন কাউন্সিলগুলোতে আরো বৈচিত্র্যময়তা নিয়ে আসতে, আমি আনন্দের সাথে শেয়ার করছি যে এই প্রথমবারের মত, যেসব পরিবারের সন্তান কোনো ডিস্ট্রিক্ট 75 স্কুলে বা প্রোগ্রামে রয়েছে, তারা প্রতিটি স্থানীয় কাউন্সিলে একজন ডিস্ট্রিক্ট 75 প্রতিনিধির জন্য ভোট দিতে পারবেন। এটি আমাদের পরিবারের জন্য একটি বড় বিজয়, এবং আমি যোগ্য পিতামাতাদের একটি সুনির্দিষ্ট ডিস্ট্রিক্ট 75 আসনে নির্বাচন করতে উৎসাহ দিচ্ছি।

আমাদের ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট দল আপনাকে নির্বাচন এবং ভোটিং প্রক্রিয়া ধাপে ধাপে প্রদর্শনের জন্য বিবিধ সংস্থান সরবরাহ করছে। এতে অন্তর্ভুক্ত, বিভিন্ন ভাষায় জুমের মাধ্যমে তথ্য অধিবেশন এবং এডুকেশন কাউন্সিলের গঠন ও ভূমিকা, যোগ্যতা সংক্রান্ত পথনির্দেশনা, মুখ্য তারিখসমূহ, এবং বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী সম্পর্কে আরও বিশদ তথ্য প্রদান। আপনি [schools.nyc.gov/elections2023](https://schools.nyc.gov/elections2023) -এ এই সবকিছুই দেখতে পারেন এবং 13 ফেব্রুয়ারির মধ্যে আপনার আবেদনপত্র জমা দিতে পারেন।

পিতামাতা হিসাবে, আমি বিশ্বাস করি যে আমরা সবাই একটি যত্নশীল মিশন শেয়ার করি: কিশোর-কিশোরীদের বিকাশ ও সফল হতে সাহায্য করা। আপনি যখন এডুকেশন কাউন্সিলে একটি আসনের জন্য নির্বাচন করেন, তখন আপনি আপনার সন্তানের শিক্ষার পরিবর্তনের জন্য একটি কণ্ঠস্বর হতে অঙ্গীকারবদ্ধ হন। যখন আপনি আপনার

CCEC প্রতিনিধিদের সাথে ভোট দিয়ে এবং আপনার মতামত শেয়ার করে আমাদের স্কুলগুলিকে প্রভাবিত করে এমন সব গুরুত্বপূর্ণ সমস্যায় আপনার মতামত প্রদান করেন, আপনি আপনার কমিউনিটিকে প্রদর্শন করেন যে আপনি সমাধানেরই একটি অংশ। অনুগ্রহ করে একটি কাউন্সিলের আসনের জন্য নির্বাচন করার এবং আমাদের শিক্ষার্থীদেরকে তাদের ন্যায্য উজ্জ্বল ভবিষ্যতের পথে অগ্রসর হতে সহায়তা করেন।

উচ্চ প্রত্যাশাসহ,



ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর